গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.২০১৫/৪০৬৬/১১ তারিখ: ১০ অক্টোবর ২০২২

**বিষয়: ময়মনসিংহে অনুষ্ঠিতব্য ৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় খেলোয়াড়, টিমলীডার এবং কনটিনজেন্ট লীডারদের আবাসন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি কর্তৃক আয়োজিত **৪৯তম** গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২, জাতীয় পর্যায়ে আগামী ২০ হতে ২৪ অক্টোবর ২০২২খ্রি. পর্যন্ত ময়মনসিংহ বোর্ডের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে। উক্ত ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষ্যে বিভিন্ন অঞ্চল হতে আগত ছাত্র-ছাত্রী এবং টীম লীডারগণকে নিম্নবর্ণিত স্থানে অবস্থান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ছাত্র-ছাত্রী, কন্টিনজেন্ট এবং টিম লীডারগণের আবাসন**

| ক্র: নম্বর | আঞ্চলিক দল সমূহ | আবাসন স্থান |
|---|---|---|
| ১. | বকুল ও গোলাপ অঞ্চলের ছাত্রী ও মহিলা টিম লিডার | মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, ময়মনসিংহ |
| ২. | পদ্ম অঞ্চলের ছাত্রী ও মহিলা টিম লিডার | মহাকালী গার্লস স্কুল এন্ড কলেজ, ময়মনসিংহ |
| ৩. | চাঁপা অঞ্চলের ছাত্রী ও মহিলা টিম লিডার | ময়মনসিংহ মহিলা ডিগ্রী কলেজ, ময়মনসিংহ |
| ৪. | বকুল, গোলাপ ও চাঁপা অঞ্চলের ছাত্র ও পুরুষ টিম লিডার | মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ |
| ৫. | পদ্ম অঞ্চলের ছাত্র ও পুরুষ টিম লিডার | এইচ.এস.টি.টি.আই. ময়মনসিংহ |
| ৬. | ০৪ (চার) অঞ্চলের কনটিনজেন্ট লিডার | এইচ.এস.টি.টি.আই. ময়মনসিংহ |

প্রতি অঞ্চলের প্রতিযোগীদেরকে তাদের কন্টিনজেন্ট লীডারের তত্ত্বাবধানে উল্লিখিত স্থানে ১৯/১০/২০২২খ্রি. তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে রিপোর্ট করতে হবে। বিকাল ৪:৩০মিঃ আঞ্চলিক কন্টিনজেন্ট লীডারগণ তাদের পরিচয়পত্র, প্রতিযোগীদের সত্যায়িত ফটো এবং নামের তালিকাসহ ১টি আঞ্চলিক পতাকা নিম্নস্বাক্ষরকারীর নিকট **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহে** জমা দিবেন।

**এ প্রসঙ্গে উল্লেখ্য যে, ময়মনসিংহে অবস্থানের জন্য প্রতিযোগী ও টিম লীডারগণকে অবশ্যই বিছানা পত্র, মশারী, থালা-গ্লাস ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র সঙ্গে আনতে হবে।**

ময়মনসিংহে অবস্থানকালে প্রতিযোগীগণ কন্টিনজেন্ট লীডারের তত্ত্বাবধানে অবস্থান করবে এবং নিয়ম শৃংঙ্খলা বজায় রাখবে। কন্টিনজেন্ট লীডারগণ গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৭ এর উপধারা ১৪ অনুয়ায়ী আঞ্চলিক কমিটির সভাপতি কর্তৃক মনোনীত হবেন। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগী ও টিম লীডারগণ ময়মনসিংহ হতে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত ফেরত ভ্রমণ ভাড়া (রেলগাড়ী, লঞ্চ, বাস ইত্যাদির ক্ষেত্রে সাধারণ শ্রেণীর হারে) এবং দৈনিক ভাতা প্রাপ্য হবেন।

প্রতিযোগী ছাত্রীদের সঙ্গে পুরুষ সদস্যকে কোন অবস্থাতেই থাকতে দেয়া হবে না। প্রকৃত ছাত্র/ছাত্রী নয় এরূপ কোন প্রতিযোগীর নাম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক /সুপার কর্তৃক সত্যায়িত হয়ে তালিকাভুক্ত করলে এবং তা প্রমাণিত হলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সুপার এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০/১০/২০২২
(মোঃ আক্তারুজ্জামান ভূঞা)
উপ-পরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
এবং সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।

**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/
দিনাজপুর/ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা।

২০/১০/২২

7 - মোহাম্মদ রাসেদ মজুমদার

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.২০১৫/ ৪০৬৬/১১(৬০) তারিখ ঃ ২০ অক্টোবর ২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
(ও সভাপতি, ৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসন ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

০২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
(ও সদস্য সচিব, ৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসন ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

০৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
(ও আহ্বায়ক, আবাসন উপ-কমিটি, ৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসন ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

০৪। পরিচালক, উচ্চমাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, ময়মনসিংহ।

০৫। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
(৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসন ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী অঞ্চল।

০৭। বিদ্যালয় পরিদর্শক/পরিদর্শিকা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রংপুর/বরিশাল /খুলনা/সিলেট/রাজশাহী/ ময়মনসিংহ অঞ্চল। (আবাসনের বিষয়ে খেলোয়াড় ছাত্র-ছাত্রীদের অবহিত করণের অনুরোধসহ)

০৮। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
(৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসন ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

০৯। অধ্যক্ষ, ময়মনসিংহ মহিলা ডিগ্রী কলেজ, ময়মনসিংহ। (৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

১০। প্রধান শিক্ষক, মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, ময়মনসিংহ । (৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

১১। প্রধান শিক্ষক, মহাকালী গার্লস স্কুল এন্ড কলেজ, ময়মনসিংহ । (৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

১২। প্রধান শিক্ষক, মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ। (৪৯তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর আবাসনের ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন এবং পানির ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।

১৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

১৪। কম্পিউটার অপারেটর, শারীরিক শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (শারীরিক শিক্ষা বিভাগের www.phyedu.org ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৫। সংরক্ষণ নথি।

২০/১০/২০২২

(মোঃ আক্তারুজ্জামান ভূঞা)
উপ-পরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
এবং সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
ফোন: ০২-৪১০৫০৪৪৮
www.phyedu.org

২০/১০/২০২২

৪ - মোহাম্মদ রাসেদ মজুমদার